

## হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ৩ কেজি কোকেনসহ ০১ জন স্প্যানিস নাগরিক গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর একটি বিশেষ দল গত ০৮ ডিসেম্বর ২০১৫ তারিখ ১৮:২০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে পরিচালক অপারেশনস জনাব সৈয়দ তৌফিক উদ্দিন আহমেদ এর নেতৃত্বে, অতিরিক্ত পরিচালক জনাব গোলাম কিবরিয়া, উপপরিচালক জনাব মুকুল জ্যোতি চাকমা, সহকারী পরিচালক জনাব

খোরশিদ আলম(উত্তর), জনাব মোহাম্মদ সামছুল আলম(দক্ষিণ), পরিদর্শক বিমান বন্দর, উত্তরা ও লালবাগ সার্কেলের সমন্বয়ে গঠিত রেইডিং টিম হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে **CHIAS ESPEJO JULIAN (47), Passport No.PAB534831** নামীয় একজন স্প্যানিস নাগরিককে ৩ (তিন) কেজি কোকেনসহ গ্রেফতার করে। উদ্ধারকৃত কোকেন আসামীর বহনকৃত লাগেজের উপরের এবং নিচের কাভারের ভিতর বিশেষভাবে তৈরীকৃত চেম্বার হতে জব্দ করা হয়। আসামী এমিরেটস এয়ার ওয়েজ এর **EK0586** নং ফ্লাইটে ১৭: ৫৫ মিনিটে ঢাকায় অবতরণ করে। গোপন তথ্যে জানা যায়, তিনি আন্তর্জাতিক মাফিয়া চক্রের একজন সক্রিয় সদস্য। এ চক্রটি বাংলাদেশকে কোকেন পাচারের ট্রানজিট হিসেবে ব্যবহার করার চেষ্টা করছে মর্মে জানা যায়। অভিযানে ইমিগ্রেশন পুলিশ, এপিবিএন, এনএসআই এবং কাস্টস এর কর্মকর্তাগণ সার্বিক সহযোগিতা করেন। এ বিষয়ে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় বিমানবন্দর থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।